# ৩৮তম বিসিএস (লিখিত) পরীক্ষা

পাপিয়া

বিষয় কোড : ০০৫

নির্ধারিত সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ২০০

[দ্রষ্টব্য : প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

| | | | নম্বর |
|---|---|---|---|
| ১. | ক. | রোহিঙ্গা কারা? | ৫ |
| | খ. | সাম্প্রতিককালে ব্যাপক রোহিঙ্গা অনুপ্রবেশ বাংলাদেশের জন্য যে সংকট করেছে, তা আলোচনা করুন। | ১০ |
| | গ. | এ সমস্য থেকে অব্যাহতি পাবার কোনো উপায় আছে কী? | ৫ |
| ২. | ক. | ক্ষুদ্র নৃগোষ্ঠী বলতে কাদের বোঝায়? | ৫ |
| | খ. | বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে ক্ষুদ্র নৃগোষ্ঠীর অবদান মূল্যায়ন করুন। | ১০ |
| | গ. | ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনধারার উন্নয়নে সরকারের গৃহীত কোনো ভূমিকা আছে কী? | ৫ |
| ৩. | ক. | কোথায় এবং কেন মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে? | ৫ |
| | খ. | বাংলাদেশের মুক্তিযুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র, তৎকালীন সোভিয়েত ইউনিয়ন, চীন ও ভারতের ভূমিকা কি ছিল তা আলোচনা করুন। | ১০ |
| | গ. | আত্মসমর্পণ দলিলের তাৎপর্য কী? | ৫ |
| ৪. | ক. | সংবিধানের সংজ্ঞা দিন। বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ রয়েছে? | ৫ |
| | খ. | বাংলাদেশের জাতীয় সংসদের গঠন, ক্ষমতা ও কার্যাবলি বর্ণনা করুন। | ১০ |
| | গ. | সংসদে নারী আসন সংরক্ষিত রাখা কতটা যৌক্তিক? | ৫ |
| ৫. | ক. | স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের মধ্যে পার্থক্য কী? | ৫ |
| | খ. | ১৯৪৭ থেকে ১৯৭১ পর্যন্ত বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পর্যায়গুলো আলোচনা করুন। | ১০ |
| | গ. | বীরশ্রেষ্ঠগণের নাম লিখুন। | ৫ |
| ৬. | ক. | মানবসম্পদ বলতে কী বোঝায়? | ৫ |
| | খ. | ‘দক্ষ মানবসম্পদ উন্নয়নে শিক্ষার গুরুত্ব সর্বাধিক’– আলোচনা করুন। | ১০ |
| | গ. | যথাযথ শিক্ষার উন্নয়নে বর্তমান সরকারের উদ্যোগ কতটুকু? | ৫ |
| ৭. | ক. | বাংলাদেশের খনিজ সম্পদের সংক্ষিপ্ত পরিচয় দিন। | ৫ |
| | খ. | আমাদের খনিজ সম্পদ আহরণ ও শিল্পে ব্যবহারের ক্ষেত্রে সমস্যা ও সম্ভাবনা কী? | ১০ |
| | গ. | শক্তিসম্পদ হিসেবে কয়লার গুরুত্ব আলোচনা করুন। | ৫ |
| ৮. | ক. | ICT বলতে কী বোঝায়? | ৫ |
| | খ. | ICT ক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতি বিশ্লেষণ করুন। | ১০ |
| | গ. | নিকট ভবিষ্যতে এদেশে ICT ক্ষেত্রে অধিকতর সম্ভাবনা কতটুকু বলে মনে করেন? | ৫ |
| ৯. | ক. | দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? | ৫ |
| | খ. | ‘উন্নয়নশীল দেশ হওয়া সত্ত্বেও দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ যথেষ্ট সক্ষম’– আলোচনা করুন। | ১০ |
| | গ. | আপনি কী মনে করেন যে, পরিবেশ দূষণ প্রাকৃতিক দুর্যোগের জন্য অনেকাংশে দায়ী? | ৫ |

১০. টীকা লিখুন (যে-কোনো ৪টি) : ৪ × ৫ = ২০

ক. প্রশাসনিক ট্রাইব্যুনাল

খ. বাংলাদেশ জাতীয় জাদুঘর

গ. শহীদ বুদ্ধিজীবী দিবস

ঘ. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র

ঙ. ১৭ এপ্রিল ১৯৭১

চ. বাংলাদেশে খাদ্য নিরাপত্তা

ছ. আমাদের সামুদ্রিক সম্পদ